



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাব্ব নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-৯১২৪৮৪৬
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

আরসিও সার্টিফিকেট পরীক্ষা

সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পানিবিদ্য বিধিমালা-১৯৯৭ মোতাবেক বিকিরণ কর্মকান্ড পরিচালনার জন্য বিধি-৫৪ অনুযায়ী যোগ্যতাসম্পন্ন নূন্যতম একজন বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তা থাকতে হবে এবং বিধি-৫৪.২(খ) অনুযায়ী উক্ত কর্মকর্তাকে কর্তৃপক্ষ হতে সনদপ্রাপ্ত হতে হবে। বিধিমালা বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের সনদপত্র প্রদানের জন্য “আরসিও সার্টিফিকেট পরীক্ষা” আয়োজন করা হয়।

প্রতিমাসের প্রথম ও তৃতীয় রবিবার সকাল ১০.৩০মিঃ হতে ১২.০০মিঃ পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষার্থী যে তারিখে পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, সেই তারিখটি উল্লেখ করে আবেদন পত্রটি যত তাড়াতাড়ি সম্ভব অত্র বিভাগে প্রেরণ করতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে -

১. সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের দুই কপি রঙ্গিন ছবি;
২. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত আরসিও প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকলে উক্ত কোর্সের সনদপত্রের ফটোকপি;
৩. উল্লেখ্য, উক্ত প্রশিক্ষণ কোর্সের সনদপত্র জমা দিলে পরীক্ষার ফি ছাড়া একবার পরীক্ষা দেয়া যাবে।
৪. আরসিও প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ না করে থাকলে অথবা একের অধিকবার পরীক্ষায় অংশগ্রহণ করলে সেক্ষেত্রে পরীক্ষা ফি বাবদ ৳৫০০/= (পাঁচ শত টাকা মাত্র) কর্তৃপক্ষের হিসাব শাখায় জমা দিয়ে জমাদানের রশিদ।

পরীক্ষার আবেদন পত্র ডাকযোগে প্রেরণের ঠিকানা -

চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও
ঢাকা-১২০৭।

- (১) পরীক্ষা আরম্ভের আধঘন্টা পূর্বে অত্র বিভাগে হাজির হতে হবে;
- (২) পরীক্ষার হলে প্রবেশের সময় প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে;
- (৩) পরীক্ষার হলে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করা নিষেধ;
- (৪) পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অত্র বিভাগ থেকে ৳৩০০/- (তিন শত টাকা মাত্র) পরিশোধ করতঃ ক্রয় করা যাবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

কৃতকার্য পরীক্ষার্থীদের নিম্নরূপ শর্ত সাপেক্ষে সনদপত্র প্রদান করা হবে-

সার্টিফিকেট কার্যকরী রাখার জন্য পানিবিদ্য বিধিমালা-১৯৯৭ এর বিধি ৫৪.২ (গ) অনুযায়ী প্রতি চার বৎসর পরপর আপনাকে RCO প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় মূল RCO সার্টিফিকেট বাতিল বলে গণ্য হবে।

প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যের জন্য: Tel : 88-02-8181274, E-mail : tdd.head@gmail.com

লাইসেন্স সংক্রান্ত তথ্যের জন্য: Tel : 88-02-8181337